৩৬৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৭.০২৬.২০১৫/৩৬৭ তারিখ: ৩০/১১/২০২১ খ্রি:।

বিষয় : **বন্ডেড শিল্প প্রতিষ্ঠানের বিভিন্ন কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে আবশ্যিক দলিলাদি দাখিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। অডিট কার্যক্রমে গতিশীলতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে প্রয়োজনীয় দলিলাদি দাখিল বিষয়ে আদেশ নং-০৮.০১.০০০০.৫৬.০৭.০২৬.১৫/৩৩৭, তারিখ: ১৭/১১/২০২১ জারি করা হয়। স্টেক হোল্ডারগণের আবেদনের প্রেক্ষিতে এবং কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা এর সুপারিশের আলোকে উক্ত আদেশের অনুচ্ছেদ-১ এ **"মালিকানা পরিবর্তন"** সংক্রান্ত অনুচ্ছেদ সংশোধনপূর্বক সংশোধিত সম্পূর্ণ আদেশ নির্দেশক্রমে জারি করা হলো।

৩০/১১/২১

**(মোঃ মশিয়ার রহমান মন্ডল)**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থেঃ**

১-২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম
৩-৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ, ও ভ্যাটকমিশনারেট, কুমিল্লা/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/সিলেট।
৯। কমিশনার, কাস্টম হাউস, মোংলা।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৭.০২৬.১৫/ তারিখঃ ৩০/১১/২০২১ খ্রিঃ।

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১-৩। নির্বাহী চেয়ারম্যান, বেজা/বেপজা/হাই-টেক পার্ক, ঢাকা।
৪। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৫। পি এ টু সদস্য গ্রেড-১ (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৬। সভাপতি, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাঃ, ঢাকা।
৭। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা চেম্বার বিল্ডিং, ঢাকা।
৮। সভাপতি, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার হাউস, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৯। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, ২৩/১, পান্থপথ লিংক রোড, কাওরান বাজার, ঢাকা।
১০। সভাপতি, বিকেএমইএ, প্ল্যানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।
১১। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন (বিটিএমএ), ঢাকা।
১২। সভাপতি, বাংলাদেশ ট্যানারি এসোসিয়েশন (বিটিএ), ঢাকা।
১৩। সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন, ঢাকা।
১৪-১৫। অফিস কপি/গার্ড কপি।

**(মোঃ মশিয়ার রহমান মন্ডল)**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

১৬৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]
**[অফিস আদেশ]**

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.০৭.০২৬.১৫/৩৩৭ তারিখ: ৩০/১১/২০২১ খ্রি:।

**বিষয়: বন্ডেড শিল্প প্রতিষ্ঠানের বিভিন্ন কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে আবশ্যিক দলিলাদি দাখিল প্রসঙ্গে।**

নথি নিষ্পত্তিতে অতিরিক্ত সময়ক্ষেপন পরিহার, জটিলতা নিরসন ও বিভিন্ন সেবা প্রদান কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে কাস্টমস বন্ড সম্পর্কিত বিভিন্ন কার্যক্রম সম্পাদনের পদ্ধতি এবং কার্যক্রমভিত্তিক যে সকল দলিলাদি সংশ্লিষ্ট কমিশনারেটে দাখিল করতে হবে তার বিধান সম্বলিত নিম্নরূপ আদেশ জারি করা হলো:

১। **মালিকানা পরিবর্তন:**

হালনাগাদ নিরীক্ষা সম্পন্ন থাকলে এবং সরকারী কোনো নিরংকুশ পাওনা না থাকলে এরূপ সম্পূর্ণ বা আংশিক মালিকানা পরিবর্তনের আবেদন বিবেচনা করা যাবে। এই ক্ষেত্রে কোনো অনিষ্পন্ন দায়দেনা বা মামলা থাকলে তা নিষ্পত্তি সাপেক্ষে আবেদন করতে হবে। নতুন মালিক বা পরিচালকদের জন্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এ বর্ণিত লাইসেন্স প্রদানের প্রযোজ্য শর্তাবলী পরিপালন করতে হবে। এতদুদ্দেশ্যে নিম্নরূপ দলিলাদিসহ আবেদন সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করতে হবে, যথা:-

(ক) মালিকানা পরিবর্তন বিষয়ে প্রতিষ্ঠানের বোর্ড সভার সিদ্ধান্ত বা অনুরূপ সিদ্ধান্তের কপি;

(খ) BEPZA/BEZA/HIGHTECH PARK/ BIDA প্রভৃতি সংস্থা তথা সংশ্লিষ্ট দপ্তর হতে পরিবর্তিত মালিকানা কাঠামো অনুমোদন;

(গ) রজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস (RJSC) হতে অনুমোদিত ফরম V,X , XII, 117 এবং অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে সমজাতীয় অনুমোদনের কপি (যদি থাকে);

(ঘ) যথাযথ মূল্যমানের নন জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারিকৃত নতুন মালিকগণের নাম, পিতার নাম, পদবী, বর্তমান ও স্থায়ী ঠিকানা, নমুনা স্বাক্ষর, ছবি এবং পূর্বের এবং পরবর্তীকালে উদ্ভূত দায়-দেনা বহনের অঙ্গীকারনামা;

(ঙ) নতুন আগত পরিচালকদের জাতীয় পরিচয়পত্র অথবা পাসপোর্টের কপি;

(চ) লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র ও ব্যাংক কর্তৃক নতুন মালিকদের জেনারেল বন্ড সম্পাদনের সক্ষমতা বিষয়ক প্রত্যয়নপত্র;

(ছ) নতুন মালিকগণ কর্তৃক ২০০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জেনারেল বন্ড (ধারা-৮৬ অনুযায়ী);

(জ) মেয়াদ থাকলে জেনারেল বন্ডের প্রতিস্থাপন, মেয়াদ না থাকলে নতুন জেনারেল বন্ড ইস্যুকরণ;

(ট) সংশ্লিষ্ট যুগ্ম/ অতিরিক্ত কমিশনার অথবা কমিশনারের নিকট সকল মালিকগণের সাক্ষাতকার;

(ঠ) প্রযোজ্য ক্ষেত্রে উত্তরাধিকার সনদ, অন্যান্য ওয়ারিশগনের অনাপত্তি পত্র এবং কোর্টের অনুমতিপত্র;

(ড) সকল পরিচালকদের হালনাগাদ আয়কর সনদ।

২। **কারখানা স্থানান্তর :**

(ক) কারখানা ভাড়ার চুক্তিপত্র অথবা মালিকানা দলিলের কপি;

(খ) লে-আউট প্ল্যান এবং কারখানার নকশা;

(গ) ট্রেড লাইসেন্স;

(ঘ) সংশ্লিষ্ট সমিতি অথবা চেম্বারের সুপারিশ পত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঙ) লিয়েন ব্যাংকের অনাপত্তি;

(চ) কারখানা স্থানান্তরকালে মেশিনারি, কাঁচামাল ও উৎপাদিত পণ্যের কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তার দায়-দায়িত্ব বন্ডার

বহন করবেন মর্মে যথাযথ মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা;

(ছ) নতুন ঠিকানায় যে সকল পণ্য, মেশিনারি ও অবকাঠামো স্থানান্তর হবে তার সুনির্দিষ্ট তালিকা;

নিরীক্ষা হালনাগাদ থাকলে উল্লিখিত দলিলাদিসহ আবেদন পাওয়ার ৭ (সাত) দিনের মধ্যে কারখানা সাময়িক স্থানান্তরের অনুমোদন দেওয়া হবে। সাময়িক স্থানান্তর অনুমোদন প্রাপ্তির পরবর্তী ২ (দুই) মাসের মধ্যে কারখানা চূড়ান্ত স্থানান্তরপূর্বক নতুন ঠিকানা সম্বলিত নিম্নোক্ত দলিলাদিসহ আবেদন করে চূড়ান্ত স্থানান্তরের অনুমোদন নিতে হবে।

(ক) ভ্যাট রেজিস্ট্রেশনের কপি;
(খ) আইআরসি ও ইআরসি'র কপি;
(গ) আয়কর সনদপত্রের কপি;
(ঘ) পোষক মন্ত্রণালয় বা দপ্তরের সংশোধিত নিবন্ধন পত্রের কপি;
(ঙ) ফায়ার লাইসেন্সে কপি; এবং
(চ) বিদ্যুৎ অথবা জেনারেটর সংযোগ সংক্রান্ত প্রত্যয়নপত্র;

উল্লিখিত দলিলাদি দাখিলের পর বন্ড অফিসার প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করলে উক্ত প্রতিবেদন, দলিলাদি এবং স্থাপনা যথাযথ থাকলে চূড়ান্ত স্থানান্তরের অনুমোদন দেয়া যাবে।

**৩। জেনারেল বন্ড সম্পাদন :**

২০০০/- (দুই হাজার) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে লাইসেন্সিং বিধিমালায় উল্লিখিত পরিমাণ অর্থের বন্ড যাতে পরিচালকদের স্বাক্ষর লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত থাকবে। এইরূপ বন্ডসহ আবেদন প্রাপ্তির পর নথি পর্যালোচনাপূর্বক প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স নবায়ন থাকলে ১ (এক) বছরের জন্য জেনারেল বন্ড এবং সরাসরি রপ্তানিকারক (নিট, ওভেন ও সুয়েটার প্রস্তুতকারী) প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে ৩ (তিন) বছর মেয়াদি জেনারেল বন্ড সম্পাদন করা যাবে, যথা:-

(ক) যে সকল প্রতিষ্ঠানের অডিট (Audit) কার্যক্রম হালনাগাদ আছে;

(খ) অডিট সংক্রান্ত সমুদয় দলিলাদি জমা প্রদান করা হয়েছে কিন্তু লোকবলের স্বল্পতার কারণে কাস্টমস কর্তৃপক্ষ অডিট সম্পন্ন করতে পারেননি অর্থাৎ সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের কোনো অসহযোগিতা ছিল না- এরূপ ক্ষেত্রে অডিট ০২ (দুই) বছর বাকী থাকলে;

(গ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে দুই বছর অডিট সম্পন্ন রয়েছে, তবে চলতি বছরের প্রযোজ্য দলিলাদি জমা দেয়া হয়নি;

(ঘ) যে সকল প্রতিষ্ঠানের অডিট ০২ (দুই) বছরের অধিক সময়ের জন্য অনিষ্পন্ন রয়েছে এবং সমুদয় দলিলাদি জমা দেয়া হয়নি, সে সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে ০৩ (তিন) মাসের সাধারণ বন্ড সম্পাদন করা যাবে। অডিট এর জন্য সমুদয় দলিলাদি উক্ত ০৩ (তিন) মসের মধ্যে জমা দেয়া না হলে উক্তরুপ সীমিত সময়ের জন্য সম্পাদিত সাধারণ বন্ড বাতিল করা হবে। উক্ত সময়ের মধ্যে গ্রহণযোগ্য কারণে নিরীক্ষা সম্পন্ন না হলে আরো ২১ (একুশ) দিনের জন্য সাময়িক জেনারেল বন্ড দেয়া যাবে; এবং

(ঙ) আমদানি রপ্তানি কার্যক্রম অব্যাহত রাখার জন্য জেনারেল বন্ডের মেয়াদ শেষ হওয়ার ১০ (দশ) দিন পূর্বে নতুন জেনারেল বন্ডের জন্য আবেদন করা যাবে;

(চ) উপর্যুক্ত শর্তসমূহ ব্যতীত অন্য যে কোন যৌক্তিক কারণ থাকলে রপ্তানির স্বার্থে সংশ্লিষ্ট কমিশনার ০২ (দুই) মাসের সাময়িক/ অস্থায়ী জেনারেল বন্ড সম্পাদনের অনুমতি প্রদান করতে পারবেন।"

**৪। স্থায়ী আন্তঃবন্ড স্থানান্তর :**

(ক) যথাযথ মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের মধ্যে সম্পাদিত চুক্তিপত্র;

(খ) কাঁচামাল প্রদানকারী প্রতিষ্ঠানের স্থানান্তরতব্য কাঁচামাল আমদানি দলিলাদি, যথা: ব্যাক টু ব্যাক এলসি, ইনভয়েস, বিএল/ এয়ারওয়ে বিল/ ট্রাক চালানের কপি, বি/ই, ইউডির কপি;

(গ) লিয়েন ব্যাংকের অনাপত্তিপত্র;

(ঘ) কাঁচামাল গ্রহণকারী প্রতিষ্ঠানের মাষ্টার এলসি/ সেলস কন্ট্রাক্ট, ব্যাক টু ব্যাক এলসি, প্রোফরমা ইনভয়েস, ইউডি, ক্রয় আদেশের (পিও শিট) কপি;

(ঙ) স্থানান্তরতব্য কাঁচামালের নমুনা;

(চ) বিজিএমইএ/বিকেএমইএ এর সুপারিশ; এবং

(ছ) স্থানান্তরকালে পণ্যের কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তার দায়-দায়িত্ব আন্তঃবন্ড গ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক বহনের রিক্স বন্ড। এক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তে অনুমোদন দেয়া যাবে:-

**শর্তসমূহ :**

ক) যে কাস্টম হাউস/স্টেশনের মাধ্যমে কাঁচামাল আমদানি হয়েছে; সেই কাস্টম হাউজ/স্টেশনে বা নিকটতম কাস্টম হাউসে রক্ষিত আন্তঃবন্ড স্থানান্তরকারী উভয় প্রতিষ্ঠানের পাশবইয়ে, অথবা সংশ্লিষ্ট কমিশনারেট/কাস্টমস বন্ড কমিশনারেটে রক্ষিত পাশবইতে উক্ত স্থানান্তরের তথ্য লিপিবদ্ধ থাকতে হবে; এবং

খ) স্থানান্তরতব্য পণ্য রপ্তানির স্বপক্ষে পিআরসি, সংশ্লিষ্ট রপ্তানিকারক কর্তৃক রপ্তানির পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে কমিশনারেট/বন্ড কমিশনারেটের সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা বরাবর উপস্থাপন করতে হবে।

**৫। কাঁচামালের অস্থায়ী আন্তঃবন্ড স্থানান্তর (ইপিজেড এর ক্ষেত্রে) :**

কাঁচামালের বন্ডিং মেয়াদ ও উৎপাদিতব্য পণ্যের রপ্তানির সময়সীমা থাকলে নিম্নবর্ণিত দলিলাদি দাখিলের পর তদন্ত সাপেক্ষে অস্থায়ী আন্তঃবন্ড স্থানান্তরের অনুমোদন দেয়া হবে;

(ক) কী কারণে কাঁচামাল সাময়িক স্থানান্তরিত হবে তার বিস্তারিত বিবরণ সম্বলিত আবেদনপত্র;

(খ) কাঁচামাল স্থানান্তর বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মধ্যে সম্পাদিত চুক্তিনামা;

(গ) বেপজার অনুমোদনপত্র;

(ঘ) স্থানান্তরকারী বন্ড প্রতিষ্ঠান কর্তৃক কাঁচামাল স্থানান্তরকালে পণ্যের কোনরূপ ক্ষতিসাধন হলে তার দায়-দায়িত্ব বহনের লক্ষ্যে যথাযথ মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা;

(ঙ) কাঁচামালের নমুনা; এবং

(চ) স্থানান্তর গ্রহণকারী প্রতিষ্ঠানের পণ্য উৎপাদনের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় চার্জ পরিশোধ সংক্রান্ত বিবিএলসি/মাষ্টার এলসি, প্রোফরমা ইনভয়েস। প্রযোজ্য ক্ষেত্রে পারচেজ অর্ডার/ পিও শিট দাখিল করতে হবে;

**৬। আমদানি পণ্য খালাসের অনাপত্তিপত্র (জেনারেল বন্ডের মেয়াদ না থাকলে বা বিশেষ ক্ষেত্রে) :**

(ক) আমদানিকৃত পণ্য খালাসের লক্ষ্যে অনাপত্তিপত্রের প্রয়োজনীয়তা/কারণ উল্লেখপূর্বক বিভাগীয় কর্মকর্তা বরাবর নির্ধারিত কোর্ট-ফিসহ আবেদন;

(খ) লিয়েন ব্যাংক প্রত্যায়িত আমদানি এলসি, ব্যাক টু ব্যাক এলসির কপি; এবং

(গ) ইনভয়েস, প্যাকিং লিস্ট, বিএল/এয়ারওয়ে বিল/ ট্রাক চালান এবং ইউডির কপি।

**৭। ব্যাংক গ্যারান্টি অবমুক্তকরণ ( প্রচ্ছন্ন রপ্তানিকারকের ক্ষেত্রে) :**

(ক) ব্যাংক গ্যারান্টির ফটোকপি;

(খ) ইউপি এর কপি;

(গ) ডেলিভারি চালান, মূসক চালানের কপি (সংশ্লিষ্ট মূসক কর্তৃক সত্যায়িত);

(ঘ) পিআরসি অথবা সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক রপ্তানি নিশ্চিত এবং ভবিষ্যতে পিআরসি পাওয়া যাবে এ মর্মে প্রত্যয়নপত্র।

**৮। ব্যাংক গ্যারান্টি অবমুক্তকরণ (সরাসরি রপ্তানিকারকের ক্ষেত্রে) :**

(ক) বিল অব এক্সপোর্ট, ইনভয়েস, প্যাকিং লিস্ট, বিএল/এয়ারওয়ে বিল/ ট্রাক চালানের কপি;

(খ) পাশ বইয়ের কপি (রপ্তানির অংশ);

(গ) পিআরসি (লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত);

(ঘ) ইজিএম (প্রযোজ্য ক্ষেত্রে)।

**৯। লিয়েন ব্যাংক সংযোজন :**

(ক) সংযোজিতব্য লিয়েন ব্যাংকের সিআইবি এর উদ্ধৃতিসহ অনাপত্তিপত্র;

(খ) বিদ্যমান লিয়েন ব্যাংকের অনাপত্তি পত্র এবং কোনো শ্রেণীবিন্যাসিত ঋণ ও ওভারডিউ না থাকার প্রমাণক।

**১০। লিয়েন ব্যাংক পরিবর্তন :**

(ক) বিদ্যমান লিয়েন ব্যাংক অথবা শাখা ব্যাংকের অনাপত্তিপত্র এবং কোনো শ্রেণীবিন্যাসিত ঋণ ও ওভারডিউ না থাকার প্রমাণক।

(খ) সংযোজিতব্য লিয়েন ব্যাংকের সিআইবি এর উদ্ধৃতিসহ অনাপত্তিপত্র।

**১১। লিয়েন ব্যাংকের শাখা পরিবর্তন :**

(ক) ব্যাংক ও শাখার নাম উল্লেখপূর্বক আবেদন পত্র;

(খ) লিয়েন ব্যংকের অনাপত্তি পত্র।

**১২। অফিস ঠিকানা পরিবর্তন :**

(ক) সংশ্লিষ্ট সমিতির সুপারিশ;

(খ) বাড়ী ভাড়ার চুক্তিপত্র অথবা নিজস্ব হলে ভবনের মালিকানা দলিল।

**১৩। মেশিনারি স্থাপন/সংযোজন :**

(ক) আমদানিকৃত অথবা স্থানীয়ভাবে ক্রয়কৃত মেশিনারি আমদানি/ক্রয় সংক্রান্ত দলিলাদি যথা: বি/ই, এলসি, ইনভয়েস, বিএল/এয়ারওয়ে বিল/ ট্রাক চালান, মূসক চালান এর কপি;

(খ) মেশিনারি স্থাপন সংক্রান্ত প্রমাণক;

(গ) মেশিনারির ক্যাটালগ;

(ঘ) যে সকল মেশিনারি শিল্প প্রতিষ্ঠান/কারখানাতে প্রবেশ করবে তার আয়ুষ্কাল কমপক্ষে ০৩ (তিন) বছর থাকতে হবে।

রাজস্ব কর্মকর্তা পদমর্যাদার নিম্নে নন এমন কর্মকর্তা উল্লিখিত দলিলাদি যাচাই এবং কারখানা সরেজমিনে পরিদর্শন করে মেশিনারিজের উৎপাদন ক্ষমতা নির্ধারণপূর্বক এ সংক্রান্ত আদেশ/ নির্দেশনা অনুযায়ী প্রতিবেদন দাখিল করবেন। প্রতিবেদন অনুযায়ী নতুন স্থাপিত মেশিনারি বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্তির অনুমোদন দেয়া যাবে এবং প্রযোজ্য ক্ষেত্রে নতুন মেশিনের প্রাপ্যতা প্রদান করা যাবে।

**১৪। কারখানা সম্প্রসারণ :**

(ক) সার্টিফাইড ইঞ্জিনিয়ার দ্বারা প্রণীত সংশোধিত নকশা;

(খ) কারখানা ভবনের চুক্তিপত্র অথবা মালিকানা দলিলের কপি;

(গ) সমিতির সুপারিশ (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঘ) অবেদন পাওয়ার পর সরেজমিনে যাচাইয়ে কারখানা ভবন সঠিক পাওয়া গেলে তা অনুমোদন দেয়া যাবে।

**১৫। বন্ড লাইসেন্সে নতুন কাঁচামাল সংযোজন :**

(ক) বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্সে নতুন কাঁচামাল সংযোজন করতে চাইলে প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে কাঁচামালের নাম ও এইচ এস কোড উল্লেখপূর্বক সংশ্লিষ্ট কমিশনারটের দায়িত্বপ্রাপ্ত/বিভাগীয় কর্মকর্তা বরাবর আবেদন করতে হবে।

(খ) প্রযোজ্য ক্ষেত্রে বন্ড অফিসার এবং সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা কর্তৃক উক্ত কাঁচামালের ব্যবহার, সক্ষমতা ও প্রযোজ্যতা সরেজমিনে যাচাইপূর্বক সুপারিশ করা হলে, সে মোতাবেক কাঁচামাল বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্তির ব্যবস্থা নেয়া যাবে;

(গ) সংশ্লিষ্ট সমিতির সুপারিশ, নমুনা, সোয়াচ কার্ডসহ আবেদন করতে হবে। আবেদনে অযাচিত কাঁচামালের এইচএস কোড, অধিক সংখ্যক কাঁচামালের অন্তর্ভুক্তি ও বারংবার সমজাতীয় আবেদনের বিষয়টি পরীক্ষা করে যথাযথ পেলে তা দ্রুততার সাথে অনুমোদন করা যাবে।

**১৬। নমুনা স্বাক্ষর :**

(ক) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ বা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্তের কপি;

(খ) যথাযথ মূল্যমানের স্ট্যাম্পে স্বাক্ষরসহ আবেদন এবং প্রত্যয়ন;

(গ) পরিচালকদের জাতীয় পরিচয় পত্র বা পাসপোর্টের কপি।

**১৭। কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধি :**

(ক) কাঁচামালের বন্ডিং মেয়াদ বৃদ্ধির সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক আবেদন;

(খ) বন্ড অফিসার সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনে বিশেষজ্ঞ মতামত গ্রহণ করে কাঁচামালের মজুদ ও গুনাগুন যাচাই করত: করে প্রতিবেদন দাখিল করবেন। উক্ত প্রতিবেদনের আলোকে বন্ডিং মেয়াদ বৃদ্ধির বিষয়টি বিবেচনা/অনুমোদন করা যাবে। প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনারের সুপারিশসহ প্রতিষ্ঠানের বন্ডিং মেয়াদ বৃদ্ধির আবেদন জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করতে হবে।

০২। কোন কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে উপর্যুক্ত দলিলাদির অতিরিক্ত কোন দলিলাদি দাখিল আবশ্যক হলে সংশ্লিষ্ট কমিশনারের অনুমতি সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট থেকে তা সংগ্রহ করা যাবে।

০৩। এ আদেশের কোনো বিষয় আইনের কোন বিধি-বিধানের সঙ্গে অসঙ্গতিপূর্ণ হলে, সেক্ষেত্রে আইন বা সংশ্লিষ্ট বিধি প্রাধান্য পাবে।

০৪। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**(মোঃ মশিয়ার রহমান মন্ডল)**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com

<u>**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থেঃ**</u>

১-২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম

৩-৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ, ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/সিলেট।

৯। কমিশনার, কাস্টম হাউস, মোংলা।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০৭.০২৬.১৫/ তারিখ: ৩০/১১/২০২১ খ্রিঃ।

**অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-৩। নির্বাহী চেয়ারম্যান, বেজা/বেপজা/হাই-টেক পার্ক, ঢাকা।

৪। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৫। পি এ টু সদস্য গ্রেড-১ (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।

৬। সভাপতি, দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাঃ, ঢাকা।

৭। সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা চেম্বার বিল্ডিং, ঢাকা।

৮। সভাপতি, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চেম্বার হাউস, আগ্রাবাদ, চট্টগ্রাম।

৯। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, ২৩/১, পান্থপথ লিংক রোড, কাওরান বাজার, ঢাকা।

১০। সভাপতি, বিকেএমইএ, প্ল্যানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।

১১। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন (বিটিএমএ), ঢাকা।

১২। সভাপতি, বাংলাদেশ ট্যানারি এসোসিয়েশন (বিটিএ), ঢাকা।

১৩। সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন, ঢাকা।

১৪-১৫। অফিস কপি/গার্ড কপি।

৩০/১১/২১

**(মোঃ মশিয়ার রহমান মন্ডল)**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ফোন-০২৪৮৩১৮১২২, এক্স-৩৪৩
ই-মেইল-ssbondnbr@gmail.com